**স্মারক নম্বর: ২৮.০৯.০০০০.০০০.০১২.২৭.০০০১.২৫(অংশ)/২৬৪** **তারিখ: ২৮ এপ্রিল ২০২৬**

**বিষয়: চূড়ান্ত শাস্তির আদেশ।**

যেহেতু, আপনি বেগম শিরিন আক্তার, ব্যবস্থাপক (ভূতত্ত্ব), পরিচিতি নম্বর: ০৭৪৮, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সূত্র নং: ২৮.০০.০০০০.০২০.২৫.০০১.১৯-১০৬৩/১(১১), তারিখ: ১৫-০১-২০২০ এবং ২৮.০০.০০০০.০২০.২৫.০০১.১৯-২৭০৯/১(১২), তারিখ: ২৫-০৯-২০২৪ এর মাধ্যমে মঞ্জুরের প্রেক্ষিতে পর্তুগালের Lisbon University-তে পিএইচডি কোর্সে অংশগ্রহণের নিমিত্ত দুই পর্যায়ে সর্বমোট ০৫ (পাঁচ) বছর প্রেষণে ছিলেন যার মেয়াদ গত ৩০-০৯-২০২৫ তারিখে শেষ হয়েছে;

২। এবং যেহেতু, আপনি গত ০৩-০৮-২০২৫ তারিখে আপনার বিদ্যমান প্রেষণ/শিক্ষা ছুটি আরও ০১ (এক) বছর বিনা বেতনে বর্ধিতকরণের জন্য একটি আবেদনপত্র বাপেক্স-এ দাখিল করেন যা পেট্রোবাংলার মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হলে উক্ত বিভাগ কর্তৃক আপনার আবেদনকৃত অতিরিক্ত ০১ (এক) বছর বিনা বেতনে অসাধারণ ছুটি নামঞ্জুর করা হয় এবং আপনাকে অবিলম্বে স্ব-পদে যোগদানের নিমিত্ত দেশে প্রত্যাবর্তন এবং স্ব-পদে যোগদান করে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে একটি প্রতিবেদন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে দাখিলের জন্য নির্দেশনা প্রদান করা হয়;

৩। এবং যেহেতু, আপনাকে প্রশাসন বিভাগের পত্র সূত্র নম্বর: ১১৪.২১.৩০/৪৭, তারিখ: ১৯ নভেম্বর ২০২৫ এর মাধ্যমে ছুটি নামঞ্জুরের বিষয়টি অবহিত করা হয় এবং অবিলম্বে দেশে প্রত্যাবর্তন করে স্ব-পদে যোগদান করার নির্দেশনা প্রদান করা হয়, তথাপি আপনি কর্মস্থলে যোগদান না করে গত ২৪-১২-২০২৫ তারিখে ই-মেইলের মাধ্যমে একটি পত্র মারফত জানান যে, আপনি পি.এইচ.ডি. গবেষণার শেষ পর্যায়ে রয়েছেন বিধায় পি.এইচ.ডি.গবেষণা সম্পন্ন করে দেশে ফিরে কাজে যোগদান করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন;

৪। এবং যেহেতু, আপনার উক্ত পত্রের প্রেক্ষিতে প্রশাসন বিভাগের পত্র স্মারক নম্বর: ২৮.০৯.০০০০.০০০.০১২.২৭.০০০১. ২৬(অংশ)/১৫, তারিখ: ০১ জানুয়ারি ২০২৬ এর মাধ্যমে আপনাকে ১০ (দশ) দিনের মধ্যে দেশে প্রত্যাবর্তন করে স্ব-পদে যোগদান করার নির্দেশনা প্রদান করে পুনরায় আপনাকে পত্র প্রেরণ করা হলেও আপনি কর্মস্থলে যোগদান না করে গত ১০-০১-২০২৬ তারিখে ই-মেইলের মাধ্যমে প্রেরিত পত্র মারফত জানান যে, পিএইচডি প্রোগ্রামের গবেষণা কার্যক্রম সম্পন্নপূর্বক অথবা পিএইচডি প্রোগ্রামের গবেষণা কার্যক্রম বাতিল তথা এনরোলমেন্ট বাতিলপূর্বক দেশে ফিরে কাজে যোগদানের জন্য আপনার আনুমানিক তিন থেকে চার মাস সময়ের প্রয়োজন। এ প্রেক্ষিতে প্রশাসন বিভাগের পত্র স্মারক নম্বর: ২৮.০৯.০০০০. ০০০.০১২.২৭.০০০১.২৬(অংশ)/৬১, তারিখ: ২১ জানুয়ারি ২০২৬ এর মাধ্যমে আপনাকে ১০ (দশ) দিনের মধ্যে দেশে প্রত্যাবর্তন করে স্ব-পদে যোগদান করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু আপনি অদ্যাবধি আপনার কর্মস্থলে যোগদান করেননি;

৫। এবং যেহেতু, আপনার পর্তুগালের Lisbon University-তে পিএইচডি কোর্সে অংশগ্রহণের নিমিত্ত সর্বমোট ০৫ (পাঁচ) বছর প্রেষণের মেয়াদ গত ৩০-০৯-২০২৫ তারিখে শেষ হয়েছে এবং বিএসআর পার্ট-১ এর বিধি-৩৪ এ উল্লেখ আছে, "একজন কর্মকর্তা একাধিক্রমে ৫ (পাঁচ) বৎসর তাহার দায়িত্ব/কাজ হইতে অনুপস্থিত থাকিলে, তাহা মঞ্জুরীকৃত ছুটি সহই হউক বা না-ই হউক, তিনি সরকারী চাকুরী হইতে খারিজ (Ceases) হইয়াছেন বলিয়া গণ্য হইবেন।";

৬। এবং যেহেতু, জনপ্রশাসন প্রশিক্ষণ ও উচ্চশিক্ষা নীতিমালা-২০২৩ এর অনুচ্ছেদ-২৮ এর এর 'খ' অনুযায়ী কোন কর্মকর্তা চাকরি হতে বিনা অনুমতিতে অনুপস্থিত থাকলে প্রশিক্ষণ/উচ্চশিক্ষাকালে যে পরিমাণ বেতন-ভাতা প্রাপ্ত হয়েছেন তার সমপরিমাণ অর্থ সরকারকে পরিশোধ করতে বাধ্য থাকবেন;

৭। এবং যেহেতু, প্রশাসন বিভাগের পত্র স্মারক নম্বর: ২৮.০৯.০০০০.০০০.০১২.২৭.০০০১.২৫(অংশ)/১৩৮, তারিখ: ০৩ মার্চ ২০২৬ এর মাধ্যমে কেন আপনাকে চাকরি হতে অপসারণ করা হবে না সে সংক্রান্তে ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে লিখিতভাবে জবাব প্রদানের নির্দেশনা প্রদান করে আপনার অনুকূলে প্রস্তাবিত শাস্তির আদেশ জারি করা হয়। এবং আপনি গত ১২-০৩-২০২৬ তারিখে উক্ত আদেশের জবাব প্রদান করেন;

৮। এবং যেহেতু, আপনার দাখিলকৃত জবাব কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক হিসেবে বিবেচিত হয়নি;

চলমান পাতা-২

৯। এক্ষণে সেহেতু, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)-এর কর্মচারি চাকরি প্রবিধানমালা-২০০২ (সংশোধিত-২০২১) এর প্রবিধান (২৫) (৩) অনুযায়ী বিএসআর পার্ট-১ এর বিধি-৩৪ মোতাবেক আপনাকে চাকরি হতে অপসারণ করা হলো এবং জনপ্রশাসন প্রশিক্ষণ ও উচ্চশিক্ষা নীতিমালা-২০২৩ এর অনুচ্ছেদ-২৮ (খ) এর আলোকে উচ্চশিক্ষাকালে আপনি যে পরিমাণ বেতন-ভাতা প্রাপ্ত হয়েছেন তার সমপরিমাণ অর্থ কোম্পানিকে পরিশোধ করবেন। আপনার নিকট কোম্পানির প্রাপ্য অর্থের পরিমাণ হিসাব ও অর্থ বিভাগ/নিরীক্ষা উপবিভাগ হতে সংগ্রহপূর্বক আপনাকে জানানো হবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

২৫/০৪/২০২৪
(মোঃ আসাদ উল্লাহ)
মহাব্যবস্থাপক (প্রশাসন)

**বেগম শিরিন আক্তার**
ব্যবস্থাপক (ভূতত্ত্ব)
পরিচিতি নং-০৭৪৮
(বর্তমানে ইউনিভার্সিটি অব লিসবন, পর্তুগালে অধ্যয়নরত)
ই-মেইল: shiri.geo.ju@gmail.com

স্থায়ী ঠিকানা:
**বেগম শিরিন আক্তার**
প্রযত্নে: মোহাম্মদ আব্দুল জব্বার
'পথের বাঁকে', পি.ডি.বি অফিস সংলগ্ন (বালুডাঙ্গা বাসস্ট্যান্ড এর কাছে)
বালুডাঙ্গা, নওগাঁ সদর।

**অনুলিপি:**

১. ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স, ঢাকা।
২. মহাব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক..........................................................................................বাপেক্স, ঢাকা।
৩. সচিব, প্রভিডেন্ট ফান্ড ট্রাস্ট, বাপেক্স, ঢাকা।
৪. সচিব, বাপেক্স কর্মচারী পেনশন তহবিল ট্রাস্ট, বাপেক্স, ঢাকা।
৫. উপমহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক..........................................................................................বাপেক্স, ঢাকা।
৬. উপমহাব্যবস্থাপক (আইসিটি ও এমআইএস), পরিকল্পনা ও আইসিটিবিভাগ (ওয়েবসাইটে আপলোড করার অনুরোধ সহকারে)।
৭. ব্যবস্থাপক (পেনশন ও ছুটি), সাধারণ প্রশাসন উপবিভাগ, বাপেক্স, ঢাকা।
৮. ব্যবস্থাপক (নিয়োগ ও পদোন্নতি), সাধারণ প্রশাসন উপবিভাগ, বাপেক্স, ঢাকা।
৯. ব্যক্তিগত নথি।
১০. অফিস কপি।